

চাল উৎপাদনে দৃষ্টান্ত রোধে গাজীপুর ধান গবেষণা ইন্সটিটিউট

— মার্কিন রাষ্ট্রদূত
গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ড্যান মজিনা বলেছেন, এদেশ কিভাবে অতীতের তলাবিহীন বাঁড়ি থেকে খাদ্য উৎপাদনে স্থানান্তর হল এ প্রশ্নের উত্তর তিনি যাত্রা পেলেন বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (ব্রি) পরিদর্শনে এসে। তিনি ব্রির উচ্চফলনশীল ধানের জাতসহ বিভিন্ন লাগসই প্রযুক্তির উচ্চ প্রশংসা করে বলেন, এ প্রতিষ্ঠানের কর্মসূচি গত চার দশকে চাল উৎপাদন তিনগুণ বাড়িয়ে দেশটি এখন এ অঞ্চলে আর্থসামাজিক ক্ষেত্রে সফলতার বিরল দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হয়েছে। প্রসঙ্গক্রমে তিনি আরও জানান, প্রেসিডেন্ট ওবামার দৃষ্টিতে সফল উন্নয়নশীল দেশের তালিকার শীর্ষে রয়েছে বাংলাদেশ।

ড্যান মজিনা বুধবার সকালে গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট পরিদর্শন শেষে ব্রি মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। ধান গবেষণা ইন্সটিটিউটের মহাপরিচালক ড. মোঃ সাইদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জমসের আহাম্মদ খন্দকার এবং আন্তর্জাতিক ধান গবেষণা ইন্সটিটিউটের (ইরি) বাংলাদেশ প্রতিনিধি ড. তিমথি ভেভিভ রানেল। পরে মার্কিন রাষ্ট্রদূত ড্যান মজিনা সাম্প্রতিক গবেষণা ও উন্নয়ন বিষয়ে ব্রির বিজ্ঞানী এবং কর্মকর্তাদের সঙ্গে প্রাণবন্ত আলোচনা সভায়ও অংশ নেন।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিসহ ব্রির ১৮টি গবেষণা বিভাগের প্রধান, উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তারা যোগ দেন। আয়োজকরা জানান, নিয়মিত শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে আয়োজিত দুই পক্ষের মধ্যে গবেষণা ও উন্নয়ন বিষয়ক ধারণা ও জ্ঞান এবং পারস্পরিক সৌহার্দ্য বিনিময়ের মাধ্যমে এ সফর সম্পন্ন হয়।